কানাইঘাটে ইউনিভার্সিটি স্টুডেন্টস এসোসিয়েশন, গাছবাড়ীর নতুন কমিটি ঘোষণা

কানাইঘাট প্রতিনিধি::

দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রদের সংগঠন ইউনিভার্সিটি স্টুডেন্টস এসোসিয়েশন, গাছবাড়ী এর ২০২০-২১ সেশনের কমিটি ঘোষণা হয়েছে। গত রবিবার (২ অাগস্ট) এলাকার পর্যটনকেন্দ্র কাঠাল বাড়িতে এ কমিটি গঠন করা হয় । কমিটিতে সভাপতি করা হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টার্সের শিক্ষার্থী তুফায়েল আহমদকে এবং সাধারণ সম্পাদক করা হয়েছে একই বিশ্ববিদ্যালয়ের অনার্সের চতুর্থ বর্ষের শিক্ষার্থী আব্দুল কাদির জিলানীকে। এছাড়া সহ-সভাপতি করা হয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফজলে এলাহি নাইম ও শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রুহেল আহমদকে এবং মাসুদ আহমদকে (রাবি) যুগ্ম সাধারণ সম্পাদক করা হয়।

শিক্ষা সাহিত্য সম্পাদকের দায়িত্ব দেয়া হয়েছে মতিউর মহসিন (ঢাবি) এবং প্রচার সম্পাদকের দায়িত্ব পালন করবেন কুবির শিক্ষার্থী মাহফুজুর রহমান।

কমিটি ঘোষণা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এমসি কলেজের প্রভাষক আব্দুল বাসিত,দৈনিক ভোরের ডাকের সিনিয়র রিপোর্টার আজাদুর রহমান এবং অন্যান্য শিক্ষার্থী বৃন্দ।

উল্লেখ্য, এই সংগঠন ২০০৭ সালে প্রতিষ্ঠার পর থেকে বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রত্যাশীদের বিভিন্ন গাইড লাইন দেয়ার পাশাপাশি চান্সপ্রাপ্ত শিক্ষার্থীদের সবধরনের সহযোগিতা করে আসছে। নতুন কমিটির প্রতি সবার প্রত্যাশা তারা যেনো সংগঠনের সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখেন এবং পাশাপাশি সময়োপযোগী শিক্ষা বান্ধব বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেন।